

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৭৬.২২.০৯২


তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২৪

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গ্রামীণ মহিলাদের জীবনমান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায়ে প্রকল্পটি বাস্তবায়নাব্যয়ী রয়েছে। উক্ত উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে আপনি নিম্নোক্ত অনিয়মের সঙ্গে জড়িত রয়েছেন মর্মে তথ্য রয়েছে:

১. চেক ইস্যু রেজিস্ট্রারে ক্ষুদ্র ঋণ বিতরণের বিষয়টি উল্লেখ করে ক্যাশবহি, সাধারণ খতিয়ান ও সফটওয়্যারে উদ্যোক্তা ঋণ খাতে পোষ্টিং দিয়ে ক্ষুদ্র ঋণ বাবদ অনিয়মতান্ত্রিকভাবে/নীতিমালা বহির্ভূতভাবে ঋণ বিতরণের সুযোগ তৈরী;
২. সফটওয়্যারে ক্ষুদ্র ঋণ বাবদ ১ম দফায় ০.৩০ লক্ষ টাকার অধিক পরিমাণ ও ১০টি দলে ৭০জন সদস্যর অস্বাভাবিকভাবে ঋণের সিলিং বৃদ্ধি করে তথ্য এন্ট্রি দিয়ে অনিয়মতান্ত্রিকভাবে/নীতিমালা বহির্ভূতভাবে ঋণ বিতরণের সুযোগ তৈরী;
৩. অনিয়মতান্ত্রিকভাবে প্রকল্প কর্ম ইউনিয়ন বহির্ভূত এলাকায় গঠিত দলের সদস্যদের তথ্য সফটওয়্যারে এন্ট্রি দিয়ে অনিয়মতান্ত্রিকভাবে/নীতিমালা বহির্ভূতভাবে ঋণ বিতরণের সুযোগ তৈরী;
৪. কর্ম ইউনিয়ন বহির্ভূত এলাকায় দল গঠনের কোন দলীয় সিদ্ধান্ত ও সদস্য অনুমোদন ব্যতীত সঞ্চয় জমাদান না করা সত্ত্বেও ২৪ জন সদস্যকে ১ম দফায় জনপ্রতি ৬০-৭০ হাজার টাকা ঋণ বিতরণের জন্য সফটওয়্যারে তথ্য এন্ট্রি দিয়ে অনিয়মতান্ত্রিকভাবে/নীতিমালা বহির্ভূতভাবে ঋণ বিতরণের সুযোগ তৈরী ;
৫. প্রকল্প সদর দপ্তর কর্তৃক বেতন ভাতা পরিশোধযোগ্য উপজেলার তালিকা প্রকাশের পূর্বেই বেতনভাতার অর্থ কর্মকর্তা কর্মচারীদের স্ব স্ব ব্যাংক হিসাবে স্থানান্তরকরণ;
৬. নীতিমালা বহির্ভূতভাবে উপজেলায় অবস্থিত সোনালী ব্যাংক শাখা হতে জেলার অনুমতি ব্যতীত ইউনিয়ন পর্যায়ে রুপালী ব্যাংক শাখায় সদস্য সঞ্চয় ১০.০০ লক্ষ টাকা ও কিশোরী সঞ্চয় বাবদ ১০.০০ লক্ষ টাকার স্থায়ী আমানত স্থানান্তর;
৭. ঋণের অর্থ স্থানান্তর পত্রে ইউআরডিও ও এআরডিও উভয়ের স্বাক্ষরের নিয়ম থাকলেও ইউআরডিও এর একক স্বাক্ষরে ব্যাংক এডভাইস প্রেরণ করে আর্থিক লেনদেনে সহযোগিতাকরণ।

এমতাবস্থায়, নীতিমালা বহির্ভূত কার্যক্রম পরিচালনা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, অদক্ষতা এবং স্বেচ্ছাচারিতামূলক আচরণের অভিযোগে অভিযুক্ত করে কেন আপনাকে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব মো: শাহাদাত হোসেন
হিসাব সহকারী, ইরেসপো,
বিআরডিবি, গঙ্গাচড়া, রংপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: রংপুর।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।